

## ইউআইইউ'র ষষ্ঠ সমাবর্তন চাকরি দেয়ার যোগ্যতা অর্জন করতে হবে শিক্ষার্থীদের শিক্ষামন্ত্রী

● নিজস্ব প্রতিবেদক

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি বলেছেন, শিক্ষার্থীদের চাকরির পেছনে না ঘুরে চাকরি দেয়ার মতো নিজেকে যোগ্য হিসেবে গড়ে তুলতে হবে। তিনি বলেন, গোটা বিশ্ব যেখানে এগিয়ে যাচ্ছে সেখানে আমাদের আর পিছিয়ে থাকার কোনো সুযোগ নেই। জ্ঞান-বিজ্ঞান আর প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষার্থীদের এগিয়ে যেতে হবে। আর এ লক্ষ্যে সরকার কারিগরি ও কর্মমুখী শিক্ষার জন্য আধুনিক যুগোপযোগী পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে রাজধানীর বাডডায় ইউআইইউ'র নিজস্ব ক্যাম্পাসে প্রতিষ্ঠানের ষষ্ঠ সমাবর্তন ১২ পৃ: ৮-এর কলামে



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি

অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে দুই হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রদান করা হয় এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। আরো বক্তব্য রাখেন ইউআইইউ'র ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, প্রোভিসি অধ্যাপক ড. হাসান আহমেদ। উপস্থিত ছিলেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি, ইউআইইউ'র ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগীয় প্রধান, প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা ক্ষুধাকে জয় করেছি। এখন সংগ্রাম চলছে দারিদ্র্যকে জয় করার। আর এই সংগ্রামে বিজয়ী হতে হলে শিক্ষার কোনো বিকল্প নেই। তবে এই শিক্ষা শুধু গতানুগতিক শিক্ষা হলেই হবে না। আমাদের প্রয়োজন এখন যুগোপযোগী শিক্ষা। সেই লক্ষ্যে সরকার শিক্ষা এবং শিল্পকে সমন্বয় করে একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ নিয়েছে। শিক্ষার্থীদের এখন শুধু শিক্ষিত হলেই চলবে না, আধুনিক ও কর্মমুখী শিক্ষায়ও শিক্ষিত হতে হবে। শিক্ষা ও গবেষণা খাতে সরকার ক্রমাগত ব্যয় বা বাজেট বাড়িয়েছে বলেও তিনি উল্লেখ করেন। সমাবর্তনে অংশ নেয়া শিক্ষার্থীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, তোমাদের এখন চাকরি খোঁজার চেয়ে চাকরি দেয়ার মতো যোগ্য হিসেবে নিজেকে প্রস্তুত করতে হবে। সরকারের পাশাপাশি বেসরকারিভাবে গড়ে ওঠা বিশ্ববিদ্যালয়গুলো আধুনিক ও যুগোপযোগী শিক্ষা বিস্তারে ভূমিকা রাখছে বলেও মন্ত্রী মন্তব্য করেন।